# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 18-02-2026** **Time: 7.35 AM**

## বিশেষ বিশেষ খবর –

১) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ আজ এক দিনের সফরে এ রাজ্যে আসছেন।

২) নির্বাচন কমিশনের নির্দেশ মেনে রাজ্য সরকার ভোটার তালিকা পরিমার্জনের সঙ্গে যুক্ত চার আধিকারিকের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে।

# রোল অবজারভারদের রিপোর্টের ভিত্তিতে উত্তর ২৪ পরগণার তিন মাইক্রো অবজারভারকেও সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন।

৩) আই প্যাক-এর অফিস এবং সংস্থার কর্ণধার প্রতীক জৈনের বাসভবনে ইডি-র তল্লাশি নিয়ে সুপ্রিম কোর্টে দায়ের করা মামলার আজ শুনানি।

৪) একাদশ দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের প্রথম দফার কাউন্সেলিংয়ের সময়সূচী প্রকাশ করেছে পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন।

৫) কল্যাণীতে রঞ্জি ট্রফি ক্রিকেটের সেমিফাইনালে বাংলার বিরুদ্ধে জম্মু ও কাশ্মীর জয়ের সম্ভাবনা তৈরি করেছে।

*ooooooooooooooooooooooo*

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ আজ এক দিনের সফরে এরাজ্যে আসছেন। কলকাতায় পৌঁছানোর পর, শ্রী শাহ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী

ঠাকুরের ১৫২ তম জন্মবার্ষিকী উদযাপনের জন্য নদিয়ার মায়াপুরে ইসকনের সদর দপ্তরে যাবেন। সেখানে, স্বরাষ্ট্রমন্ত্রী জয়পতাকা স্বামী মহারাজের সঙ্গে একটি উচ্চ পর্যায়ের বৈঠকে যোগ দেবেন এবং মন্দির প্রাঙ্গণে আয়োজিত একটি জনসমাবেশে ভাষণ দেওয়ায় কর্মসূচি রয়েছে।

*ooooooooooooooooooooo*

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে বিজেপি রাজ্যে পরিবর্তন যাত্রার আয়োজন করছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, পয়লা মার্চ থেকে এই যাত্রা শুরু হবে।

যাত্রার উদ্বোধনের সময়ে দলের সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, বিজেপি নেতা জগৎ প্রকাশ নাড্ডা, অমিত শাহ, রাজনাথ সিং প্রমুখ উপস্থির থাকবেন। মার্চ মাসের শেষে ব্রিগেডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসভার মধ্যে দিয়ে এই পরিবর্তন যাত্রা শেষ হবে। সমাজের সর্বস্তরের মানুষকে এই পরিবর্তন যাত্রায় যোগদানের আহ্বান জানিয়েছেন শ্রী ভট্টাচার্য।

*oooooooooooooooooooooo*

ভোটার তালিকায় কারচুপির অভিযোগে, নির্বাচন কমিশনের নির্দেশ মেনে রাজ্য সরকার, চার আধিকারিক এবং এক ডেটা এন্ট্রি অপারেটরের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে। এরা হলেন দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের ERO দেবোত্তম দত্ত চৌধুরী, AERO তথাগত মন্ডল, পূর্ব মেদিনীপুরের ময়নার ERO বিপ্লব সরকার, AERO সুদীপ্ত দাস এবং ডিইও সুরজিত হালদার।

এর আগে গত শুক্রবার রাজ্যের মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তীকে নতুন দিল্লীর নির্বাচন সদনে তলব করে কমিশন, গতকাল বিকেল পাঁচটার মধ্যে ঐ চার আধিকারিকের বিরুদ্ধে এফআইআর দায়েরের সময়সীমা বেঁধে দেয়। এরপরই রাজ্য সরকারের এই পদক্ষেপ।

উল্লেখ্য, ভোটার তালিকায় কারচুপির অভিযোগে গত বছর আগস্ট মাসে নির্বাচন কমিশন, ঐ চার আধিকারিককে সাসপেন্ড এবং তাদের বিরুদ্ধে এফআইআর দায়েরের নির্দেশ দেয়।

OOOOOOOOOOOOOOOOOOOOO

রোল অবজারভারদের রিপোর্টের ভিত্তিতে এসআইআর-এর কাজে যুক্ত উত্তর ২৪ পরগণার তিন মাইক্রো অবজারভারকে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন। দায়িত্বে গাফিলতি এবং কাজের অনিয়মের অভিযোগেই এই পদক্ষেপ। এরা হলেন বঙ্গীয় গ্রামীণ বিকাশ ব্যাঙ্কের ম্যানেজার, ইউকো ব্যাঙ্ক-এর সিনিয়র ম্যানেজার, এবং সেন্ট্রাল ট্যাক্স জিএসটি অ্যান্ড সিএক্স-এর ইন্সপেক্টর।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জানানো হয়েছে, নির্বাচন কমিশন নিযুক্ত ডিস্ট্রিক্ট ইলেক্টোরাল রোল অবজারভারদের রিপোর্টের ভিত্তিতেই এই সিদ্ধান্ত। বিকেলেই ওই তিন মাইক্রো অবজারভারকে সাসপেন্ড করা হয়েছে।

একই সঙ্গে নির্বাচন কমিশনের অধীনে, দায়িত্বে থাকা ইলেক্টোরাল রোল মাইক্রো অবজারভারদের সতর্কবার্তা দেওয়া হয়েছে। কমিশনের নির্দেশ, দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের নিজ নিজ কাজ নিষ্ঠার সঙ্গে করতে হবে এবং কোনওভাবেই অন্য কারও কাছে কাজ আউটসোর্স বা হস্তান্তর করা যাবে না। নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট আধিকারিকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও জানানো হয়েছে।

OOOOOOOOOOOOOOOOOOOOOO

কর্তব্যে গাফিলতির অভিযোগে এসআইআর-এর কাজের সঙ্গে যুক্ত রাজ্যের সাত আধিকারিককে সাসপেন্ড করার আগে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া হয়নি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন। নবান্নে গতকাল এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, সম্পূর্ণ প্রতিশোধমূলক মানসিকতা থেকেই নির্বাচন কমিশনের এই

সিদ্ধান্ত। রাজ্য সরকার সবরকম ভাবে সাসপেন্ড হওয়া আধিকারিকদের পাশে থাকবে এবং ভোটের বাইরে অন্য কাজে তাদের ব্যবহার করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

মুখ্যমন্ত্রীর এই মন্তব্যের সমালোচনা করেছেন রাজ্য বিজেপির মুখপাত্র দেবজিত সরকার। অনেক আগেই নির্বাচন কমিশেনর এই পদক্ষেপ করা উচিত ছিল বলে তাঁর অভিমত।

**বাইট-দেবজিত**

oooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচন এবং ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া খতিয়ে দেখতে গতকাল রাজ্যে এসে পৌঁছেছেন নির্বাচন কমিশনের সদ্য নিযুক্ত স্পেশাল রোল অবজার্ভার NK মিশ্র। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের সঙ্গে গতকালই জরুরি বৈঠক করেছেন তিনি। ভোটার তালিকার নিবিড় পরিমার্জন, প্রশাসনিক প্রস্তুতি এবং সংশ্লিষ্ট বিভিন্ন প্রক্রিয়ার অগ্রগতি খতিয়ে দেখতেই এই বৈঠক বলে  কমিশন সূত্রে খবর।

উল্লেখ্য, ১৯৮৮ ব্যাচের অবসরপ্রাপ্ত IPS আধিকারিক এন কে মিশ্রকে  নির্বাচন কমিশন, স্পেশাল রোল অবজ়ার্ভার হিসেবে নিয়োগ করেছে।

oooooooooooooooooooo

রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আই প্যাক-এর অফিস এবং কলকাতায় এর কর্ণধার প্রতীক জৈনের বাসভবনে এনফোর্সমেন্ট নির্দেশালয় – ইডি-র সাম্প্রতিক তল্লাশি অভিযানের সময় পশ্চিমবঙ্গ সরকার এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর হস্তক্ষেপের অভিযোগে ইডি-র দায়ের করা মামলার শুনানি আজ সুপ্রিম কোর্টে হওয়ার কথা রয়েছে। বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র এবং বিচারপতি কে. ভি. বিশ্বনাথনের বেঞ্চে হবে এই শুনানি। একজন বরিষ্ঠ আইনজীবীর অসুস্থতার কারণে অনুরোধসাপেক্ষে গত সপ্তাহে শুনানি স্থগিত করা হয়েছিল।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এবারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে।

oooooooooooooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় “বিকশিত ভারতের লক্ষ্যে সুস্থ দেশ গড়ে তুলতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্স-এর ভূমিকা”। এইমস কল্যাণীর মেডিক্যাল সুপারিনটেনডেন্ট প্রফেসর ডঃ মহুয়া চট্টোপাধ্যায় এর সঙ্গে কথা বলেছেন কাশফির নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব শুনবেন আজ রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

oooooooooooooooooooooo

একাদশ দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের প্রথম দফার কাউন্সেলিংয়ের সময়সূচী প্রকাশ করেছে পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন। আগামী ২৪ ফেব্রুয়ারি থেকে সল্টলেকে কমিশনের প্রধান কার্যালয়ে কাউন্সেলিং প্রক্রিয়া হবে। প্রথম দফায় জন্য প্রায় ২০০ জন প্রার্থীকে কাউন্সেলিংয়ে ডাকা হবে বলে কমিশন সূত্রে জানা গেছে। কাউন্সেলিংয়ের জন্য আহ্বানপত্র বা কল লেটার চলতি মাসের ২০ তারিখ থেকে কমিশনের ওয়েবসাইট www.westbengalssc.com থেকে ডাউনলোড করা যাবে। পাশাপাশি, এই দফায় শূন্যপদের সংখ্যাও চলতি মাসের ২০ তারিখেই কমিশনের ওয়েবসাইটে প্রকাশিত হবে। অন্যান্য বিষয়ের কাউন্সেলিংয়ের সময়সূচীও যথাসময়ে প্রকাশ করা হবে বলে কমিশনের ওই বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

একাদশ ও দ্বাদশের মেধা তালিকায় ১৮ হাজার ২২৭ প্রার্থীর নাম প্রকাশ করা হয়। ১২ হাজার ৪৪৫ টি শূন্যপদের জন্য শিক্ষক নিয়োগ হবে। গত বছর ১৪ সেপ্টেম্বর পরীক্ষা হয়েছিল। পরীক্ষায় বসেছিলেন ২ লক্ষ ২৯ হাজার ৬০৬ জন।

oooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ের চাঁদপুর এলাকায় গত সন্ধ্যায় রাসায়নিক ভর্তি ড্রামে বিস্ফোরণের ফলে চার জন বালক গুরুতর আহত হন। এঁদের প্রত্যেকেরই বয়স ৮ থেকে ৯ বছরের মধ্যে। একজনের শরীর প্রায় ৯০ শতাংশ পুড়ে গেছে বলে পুলিশ সূত্রে খবর। তিনজনকে এম আর বাঙ্গুর ও একজনকে স্থানীয় একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস গতকাল ঘটনাস্থল পরিদর্শন করেন।

উল্লেখ্য, গতকাল ভাঙড়ের চাঁদপুর এলাকায় জেলা পরিষদের আর্থিক সহায়তায় রাস্তা নির্মাণের কাজ চলাকালীন এই রাসায়নিক ভর্তি ড্রাম উল্টে দুর্ঘটনা ঘটে। পুলিশ ঘটনাস্থল ঘিরে রেখেছে।

oooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জের পূর্ব খেজুরবেড়িয়া এলাকায় দুই বিজেপি মহিলা কর্মীর ওপর তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীর হামলার অভিযোগ ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। সুমন ঘোষ নামে এক তৃণমূল কংগ্রেস কর্মী গতকাল এক বিজেপি মহিলা কর্মীর বাড়িতে ঢুকে অশালীন কটূক্তি শুরু করে বলে অভিযোগ। পরে ওই মহিলা নিজের দিদিকে ডেকে পাঠালে, অভিযুক্ত আঘাত করে তাঁর মাথা ফাটিয়ে দেয়। ঘটনার প্রতিবাদে এলাকার মহিলারা, ওই যুবককে ধরে গণপিটুনি দেন। খবর পেয়ে পুলিশ এসে রক্তাক্ত অবস্থায় দুই মহিলা ও ওই যুবককে উদ্ধার করে টাকি গ্রামীণ হাসপাতালে ভর্তি করে। বিজেপি করার অপরাধেই তৃণমূল কংগ্রেসের দুষ্কৃতীরা তাঁদের প্রাণে মারার চেষ্টা করেছে বলে আক্রান্তদের দাবি। বিজেপি কর্মীরা পরিকল্পিতভাবে তাঁদের মারধর করেছে বলে তৃণমূল কংগ্রেসের পাল্টা দাবি। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

oooooooooooooooooooooo

কল্যাণীতে রঞ্জি ট্রফি ক্রিকেটের সেমিফাইনালে বাংলার বিরুদ্ধে জম্মু ও কাশ্মীর জয়ের সম্ভাবনা তৈরি করেছে। ১২৬ রানের লক্ষ্যমাত্রা নিয়ে জম্মু ও কাশ্মীর আজ ৪৩ রান ও ৮ টি উইকেট নিয়ে খেলতে নামবে। আকাশ দীপ উইকেট দুটি নিয়েছেন। শুভম পান্দির ২৩, ভনশাজ শর্মা ৯ রানে অপরাজিত আছেন। গতকাল তৃতীয় দিনের সকালে মধ্যাহ্নভোজের বিরতির আগে জম্মু ও কাশ্মীরের প্রথম ইনিংস ৩০২ রানে শেষ হয়। এরপর দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে বাংলা শুরু থেকেই ব্যাটিং বিপর্যয়ের সম্মুখীন হয়। চা পানের বিরতির পর বাংলা মাত্র ৯৯ রানে অলআউট হয়ে যায়। উল্লেখ্য, বাংলা প্রথম ইনিংসে ৩২৮ রান করেছিলো।

*oooooooooooooooooooooo*

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী শনিবার থেকে দুই থেকে তিন ডিগ্রি তাপমাত্রা বৃদ্ধি পাবে তবে তার আগে সর্বনিম্ন তাপমাত্রার বিশেষ পরিবর্তন হবে না। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে **১৭** দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে এক দশমিক তিন ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় **২৯** দশমিক চার ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে কিছুটা কম। সকালের দিকে উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি ও কোচবিহার জেলায় এবং দক্ষিণবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা রয়েছে।

*oooooooooooooooooooo*

*ooooooooooooooooooooo*